গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
www.mofood.gov.bd

২৮ জ্যৈষ্ঠ ১৪২৪

নং-১৩.০০.০০০০.০২৪.০৬.০০২.২০১৬- ২২৮(৫০)     তারিখঃ------------------------

১১ জুন ২০১৭

**বিষয়ঃ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

মে-২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত খাদ্য মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো।

উল্লেখ্য, কার্যবিবরণী এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে Upload করা হয়েছে। সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি (পেন্ডিং বিষয়সহ) আগামী ১৫.০৬.২০১৭ খ্রি. তারিখের মধ্যে সমন্বয় ও সংসদ অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণিতমতে।

১১.০৬.২০১৭

(মোঃ সিরাজুল ইসলাম)
যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ)
ফোনঃ ৯৫৪০১২১
ই-মেইলঃ dscoordination@mofood.gov.bd

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(সংগ্রহ ও সরবরাহ),খাদ্য মন্ত্রণালয়। সংযুক্ত কার্যবিবরণী।
২। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ৭১-৭২ প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা। সংযুক্ত কার্যবিবরণী।
৩। মহা-পরিচালক,খাদ্য অধিদপ্তর। সংযুক্ত কার্যবিবরণী।
৪। যুগ্ম-সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
৫। মহা-পরিচালক,এফপিএমইউ,খাদ্য মন্ত্রণালয়,১৬,আব্দুল গণি রোড,ঢাকা।
৬। আইন উপদেষ্টা,খাদ্য অধিদপ্তর। সংযুক্ত কার্যবিবরণী।
৭। পরিচালক (প্রশাসন /সববি/সংগ্রহ/চসসা/আইডিটিএস/হিসাব ও অর্থ/প্রশিক্ষণ), খাদ্য অধিদপ্তর।
৮। উপ-সচিব (সকল)/ উপ-প্রধান (পরিকল্পনা কোষ), খাদ্য মন্ত্রণালয়।
০৯। পরিচালক (খানিপু/ উৎপাদন/ নীতি/ বাজার), এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
১০। মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়। সংযুক্ত কার্যবিবরণী।
১১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ২৯৯ নং দক্ষিণ জুরাইন, ঢাকা।
১২। সচিবের একান্ত সচিব,খাদ্য মন্ত্রণালয়। সংযুক্ত কার্যবিবরণী।
১৩। সিনিয়র সহকারী সচিব/ সিনিয়র সহকারী প্রধান (সকল), খাদ্য মন্ত্রণালয়।
১৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়,১৬,আব্দুল গণি রোড,ঢাকা।
১৫। সিস্টেম এনালিষ্ট, খাদ্য অধিদপ্তর।
১৬। অতিরিক্ত পরিচালক (অভ্যন্তরীণ নিরীক্ষা), খাদ্য অধিদপ্তর।
১৭। সহকারী প্রকৌশলী (পরিকল্পনা কোষ),খাদ্য মন্ত্রণালয়।
১৮। বাজেট অফিসার,খাদ্য মন্ত্রণালয়।
১৯। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়। ২৩.০৫.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো। সংযুক্ত কার্যবিবরণী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

## মে-২০১৭ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ কায়কোবাদ হোসেন
ভারপ্রাপ্ত সচিব
সভার স্থানঃ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময়ঃ ২৩.০৫.২০১৭ খ্রি. সকাল ১০-৩০ মিনিট

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশ করা আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা হিসেবে যোগদানকারী জনাব মোঃ জামাল হোসেনকে সভায় পরিচিত করানো হয়। অতঃপর এপ্রিল-২০১৭ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় দৃঢ়করণ করা হয়। এপ্রিল-২০১৭ মাসের গৃহীত সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতির তথ্যের ভিত্তিতে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

## খাদ্য মন্ত্রণালয়

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. খাদ্য মন্ত্রণলয়ের শূন্য পদে জনবল নিয়োগ | প্রশাসন-১ শাখা হতে প্রাপ্ত তথ্যের আলোকে সভায় আলোচনা হয় যে, কম্পিউটার অপারেটরের ১টি, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ১টি, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার পদের ৫টি এবং অফিস সহায়ক পদের ৯টিসহ মোট ১৬টি পদ শূন্য। যুগ্ম-সচিব (প্রশাঃ-১) সভায় জানায় যে, জনবল প্রমিতকরণে ৩য় শ্রেণির ৬টি, ৪র্থ শ্রেণির ৩টি পদ অর্থাৎ মোট ৯টি পদসহ অন্যান্য পদের জন্য অর্থ বিভাগ কর্তৃক এখনও পৃষ্ঠাংকন করা হয়নি। অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিশাখার সাথে যোগাযোগ অব্যাহত আছে। জনবল প্রমিতকরণ আদেশ অর্থ মন্ত্রণালয় কর্তৃক পৃষ্ঠাংকন বিলম্বিত হওয়ায় ইতোমধ্যে সৃষ্ট বিভিন্ন ক্যাটাগরীর ১৬টি শূন্য পদে নিয়োগ প্রক্রিয়া দ্রুত শুরু করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | খাদ্য মন্ত্রণালয়ের বিদ্যমান ১৬টি শূন্য পদে জনবল নিয়োগের প্রক্রিয়া দ্রুত শুরু করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |
| ২. ইন হাউজ প্রশিক্ষণ | সভায় জানানো হয় যে, APA তে লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারিগণকে ইন-হাউজ/ জনঘন্টা বিবেচনায় মডিউল অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এপ্রিল-২০১৭ মাসে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির ৪ (চার) ক্যাটাগরীতে এ যাবৎ মোট ১৮৬ জন কর্মকর্তা/ কর্মচারিকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইন-হাউজ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করার জন্য সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশ দেয়া হয়। | ইন-হাউজ/ জনঘন্টা বিবেচনায় প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে। | যুগ্ম-সচিব (প্র-১), খাদ্য মন্ত্রণালয় |

<table>
<tr><td>৩. শাখা পরিদর্শন</td><td>এপ্রিল-২০১৭ মাসে সংগ্রহ ও তদন্ত শাখা পরিদর্শন করা হয়েছে। প্রতিটি শাখা পরিদর্শনপূর্বক পরিদর্শনকালীন প্রাপ্ত অনিয়ম/ত্রুটিসমূহ সংশোধনের লক্ষ্যে শাখা পরিদর্শন অব্যাহত রাখার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়।</td><td>নিয়মিত শাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে।</td><td>সকল উইং প্রধান, অধিশাখা ও শাখা প্রধান এবং যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয়</td></tr>
<tr><td>৪. ই-ফাইলিং</td><td>সভাকে অবহিত করা হয় যে, ই-ফাইলিং এ কাজের পরিমাণ অনেক কমে গেছে। মন্ত্রণালয়/ বিভাগসমূহের মধ্যে বর্তমানে খাদ্য মন্ত্রণালয়ের অবস্থান ক্রমিক নং-২১ এ নেমে এসেছে। ই-ফাইল বাস্তবায়নের কাজের পরিমাণ হ্রাস পাওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন। ই-ফাইল বাস্তবায়নে সীমাবদ্ধতা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাপূর্বক তা সমাধানের জন্য সচিব নির্দেশ প্রদান করেন। আলোচনাশেষে সকল ক্ষেত্রে ই-ফাইলিং ব্যবহার বৃদ্ধি এবং প্রত্যেক অধিশাখা/ শাখায় ই-ফাইলিং ব্যবহার নিশ্চিত করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন।</td><td>প্রত্যেক অধিশাখা/ শাখায় ই-ফাইলিং ব্যবহার নিশ্চিত করতে হবে।</td><td>সকল উইং প্রধান, অধিশাখা ও শাখা প্রধান, খাদ্য মন্ত্রণালয়</td></tr>
<tr><td>৫. অডিট আপত্তি নিষ্পত্তি</td><td>যুগ্ম-সচিব (অডিট) সভায় জানান যে, এপ্রিল-২০১৭ মাসে অগ্রিম আপত্তি নিষ্পত্তির কোন সভা অনুষ্ঠিত হয়নি। তবে, ১৩টি অনুচ্ছেদের ব্রডসিট জবাব প্রেরণ করা হয়েছে। অডিট অধিশাখা হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী অগ্রিম, খসড়া ও সংকলনভূক্ত অডিটের তথ্য নিম্নে দেখানো হলঃ<br>(ক) অগ্রিম
<table>
<tr><th>বিবরণ</th><th>মার্চ- ২০১৭</th><th>এপ্রিল-২০১৭</th></tr>
<tr><td>প্রারম্ভিক আপত্তি -----</td><td>২৮০৭</td><td>২৮৩২</td></tr>
<tr><td>সংযোজিত আপত্তি ---</td><td>২৮</td><td>২৩</td></tr>
<tr><td>মোট আপত্তি ---</td><td>২৮৩৫</td><td>২৮৫৫</td></tr>
<tr><td>নিষ্পত্তিকৃত (জারিপত্র)</td><td>৩</td><td>০২</td></tr>
<tr><td>অবশিষ্ট আপত্তি -----</td><td>২৮৩২</td><td>২৮৫৩</td></tr>
<tr><td>ব্রডশিট জবাব -----</td><td>৬</td><td>১৩</td></tr>
<tr><td>ত্রিপক্ষীয় সভা -----</td><td>১</td><td>০০</td></tr>
<tr><td>আলোচিত আপত্তি ---</td><td>১৯</td><td>০০</td></tr>
<tr><td>নিষ্পত্তির সুপারিশ ---</td><td>২</td><td>০০</td></tr>
</table>
(খ) খসড়া-৭৬৩টি</td><td>অডিট আপত্তি নিস্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে এবং প্রতিমাসে কমপক্ষে ১টি ত্রিপক্ষীয় সভা করতে হবে।</td><td>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর যুগ্ম-সচিব (বাজেটও অডিট) এবং যুগ্মসচিব (অডিট), খাদ্য মন্ত্রণালয়</td></tr>
<tr><td></td><td>(গ) সংকলনভূক্ত-৫৮২টি</td><td></td><td></td></tr>
<tr><td>৬ অভিযোগ ব্যবস্থাপনা</td><td>
<table>
<tr><th>জের</th><th>বর্তমান মাসে প্রাপ্ত</th><th>মোট অভিযোগ</th><th>নিষ্পত্তির সংখ্যা</th><th>অনিষ্পন্ন সংখ্যা</th><th>তিন মাসের উপরে</th><th>ছয় মাসের উপরে</th><th>তিন মাসের কম সময়ে অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা</th></tr>
<tr><td>৪৯</td><td>০২</td><td>৫১</td><td>০৪</td><td>৪৭</td><td>১০</td><td>৩২</td><td>০৫</td></tr>
</table>
অভিযোগের গুরুত্ব বিবেচনা করে আগামী সভার পূর্বে ৬ মাসের অধিক সময় অনিষ্পন্ন অভিযোগ এর বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য সভায় নির্দেশ দেয়া হয়। এছাড়া, দীর্ঘদিন যে সমস্ত অভিযোগের তদন্ত খাদ্য অধিদপ্তরে পেন্ডিং আছে তা সত্বর প্রেরণের জন্য সচিব নির্দেশ প্রদান করেন।</td><td>(১) ৬ মাসের অধিক অনিষ্পন্ন অভিযোগের বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে<br>(২) যে সমস্ত অভিযোগের তদন্ত খাদ্য অধিদপ্তরে দীর্ঘদিন পেন্ডিং আছে তা সত্বর প্রেরণ করতে হবে।</td><td>উপ-সচিব (তদন্ত), খাদ্য মন্ত্রণালয়</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৭. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী ৩য় কোয়ার্টার মনিটরিং সভায় ২০১৬-২০১৭ সালের কর্ম-পরিকল্পনা সংশোধনীসহ অবাস্তবায়িত কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক মাননীয় খাদ্য মন্ত্রী এবং খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতির অংশ গ্রহণে অনুষ্ঠিত স্টেক হোল্ডার মিটিং এর তথ্য সরবরাহ করা হয়। তবে, মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে ভিডিও কনফারেন্স আয়োজন না হওয়ায় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় গৃহীত কার্যক্রম বাস্তবায়িত হয়নি। বিধায়, এ বিষয়ে উদ্যোগ নেয়ার জন্য সচিব মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। আলোচনা শেষে অবিলম্বে জুন, ২০১৭ মাসের মধ্যে সংগ্রহ বিষয়ে উত্তরাঞ্চলের (রংপুর বিভাগের সাথে) এবং হাওড় অঞ্চল বেষ্টিত জেলাসমূহের জন্য সিলেট বিভাগীয় কমিশনারের দপ্তরে ভিডিও কনফারেন্স আয়োজন করতে হবে মর্মে সচিব নির্দেশ প্রদান করেন। | সংগ্রহ বিষয়ে উত্তরাঞ্চলের (রংপুর বিভাগের সাথে) এবং হাওড় অঞ্চল বেষ্টিত জেলাসমূহের জন্য সিলেট বিভাগীয় কমিশনারের দপ্তরে ভিডিও কনফারেন্স আয়োজন করতে হবে। | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় |
| | **খাদ্য অধিদপ্তর** | | |
| ১. শূন্য পদে নিয়োগ ও নিয়োগ বিধিমালা চূড়ান্তকরণ | সভায় জানানো হয় যে, খাদ্য অধিদপ্তরের ২য় থেকে ২০তম গ্রেডে মোট ৪৪১৭টি পদ শূন্য রয়েছে। নিয়োগ বিধিমালায় বাদ পড়া ৪টি পদ অন্তর্ভূক্তির জন্য ১১.০৪.২০১৭ খ্রি. তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবরে প্রয়োজনীয় কাগজপত্রসহ সম্পূরক প্রস্তাবের ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বাছাই কমিটির সর্বশেষ সভা গত ১১.০৫.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। বিস্তারিত আলোচনা শেষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উইং/ অধিশাখায় যোগাযোগ অব্যাহত রাখার জন্য সচিব পরামর্শ প্রদান করেন। | খাদ্য অধিদপ্তরের নিয়োগ বিধিমালা চূড়ান্তকরণে কার্যকর যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপ-সচিব(প্র-২), খাদ্য মন্ত্রণালয় |
| ২.অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ | **(ক) বোরো সংগ্রহ-২০১৭**<br>সভায় অবহিত করা হয় যে, বোরো-২০১৭ মৌসুমে এফপিএমসি'র সভার সিদ্ধান্ত অনুযায়ী ধান সংগ্রহ লক্ষ্যমাত্রা ৭.০০ (সাত) লাখ মেট্রিক টন, সিদ্ধ চাল ৭.০০ (সাত) লাখ মেট্রিক টন এবং আতপ চাল ১.০০ (এক) মেট্রিক টন। ধানের সংগ্রহ মূল্য ২৪/-, সিদ্ধ চাল ৩৪/- ও আতপ চালের মূল্য ৩৩/-টাকা। পরিচালক (সংগ্রহ) সভায় জানান যে, ২২.০৫.২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত মিলারগণের সাথে ১ লাখ ৫২ হাজার ৭৩৭ মেট্রিক টন সিদ্ধ এবং ৯ হাজার ৮৩২ মেট্রিক টন আতপ চালের চুক্তি করা হয়। আগামী ৩১.০৫.২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত চুক্তির সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। সংগ্রহের সময়সীমা আগামী ৩১.০৮.২০১৭ খ্রি. পর্যন্ত নির্ধারিত আছে। মিলারগণ ধীর গতিতে চাল সরবরাহ শুরু করেছেন। বোরো সংগ্রহ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের জন্য সর্বাত্মক তৎপর থাকার জন্য সভায় নির্দেশ প্রদান করা হয়। | বোরো সংগ্রহ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনে সর্বাত্মক তৎপর থাকতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (সংগ্রহ), খাদ্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | **(খ) গম সংগ্রহ-২০১৭**<br>সভায় জানানো হয় যে, চলতি মৌসুমে গম সংগ্রহ লক্ষ্যমাত্রা ১.০০ (এক) লাখ মেট্রিক টন। সংগ্রহ মূল্য প্রতিকেজি ২৮/-টাকা। ২২.০৫.২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ২৩,৭৩২ মেট্রিক টন গম সংগ্রহ করা হয়েছে। গম সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনে জোর প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সচিব পরামর্শ প্রদান করেন। | গম সংগ্রহ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনে জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (সংগ্রহ), খাদ্য অধিদপ্তর |
| ৩. খাদ্যশস্য বিতরণ ও বাজার দর মনিটরিং | **(ক) খাদ্যবান্ধব কর্মসূচি**<br>**ভোক্তা অধিকার হালনাগাদকরণ**<br>সভায় আলোচনা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর ব্রান্ডিং কর্মসূচি হিসেবে ইউনিয়ন পর্যায়ে 'খাদ্যবান্ধব কর্মসূচি' ২য় পর্যায়ে (মার্চ-এপ্রিল) ২ (দুই) মাসের চাল বিতরণ কর্মসূচি শেষ হয়েছে। উত্তোলিত ও বিক্রিত চালের পরিমাণ ২.৯৬ মেট্রিক টন।<br><br>সভায় জানানো হয় যে, খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তা তালিকা খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে আপলাড করা হয়েছে। ভোক্তা তালিকায় স্বচ্ছল ব্যক্তি/ পরিবারের নাম থাকলে তা জানানোর প্রচারণা অব্যাহত রয়েছে। এছাড়া, সুবিধাভোগী/ ভোক্তা তালিকার সংখ্যা উপজেলা ভিত্তিক আনুপাতিক প্রাপ্যতা সংশোধনের উদ্যোগ নেয়া হয়েছে। পরবর্তী অর্থ বছরে খাদ্যবান্ধব কর্মসূচি শুরু হওয়ার পূর্বে ভোক্তা তালিকা উপজেলা ভিত্তিক প্রাপ্যতা অনুযায়ী সংশোধন করতে হবে মর্মে সভায় নির্দেশ দেয়া হয়। | উপজেলা ভিত্তিক প্রাপ্যতা অনুযায়ী খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তা তালিকা সংশোধন করতে হবে। | মহাপরিচালক খাদ্য অধিদপ্তর |
| | **(খ) ওএমএস খাতে চাল ওআটা বিক্রয়**<br><br>সভায় জানানো হয় যে, হাওড় বেষ্টিত ৫টি জেলার ২৭৯টি কেন্দ্রে প্রতিদিন ০১ (এক) মেট্রিক টন হিসাবে মোট ২৭৯ মেট্রিক টন চাল ওএমএস খাতে বিক্রয় করা হচ্ছে। এছাড়া, ঢাকা মহানগর এবং তেজগাঁও সার্কেল, কেরানিগঞ্জ উপজেলা, সকল বিভাগীয় ও জেলা শহরে ওএমএস খাতে আটা বিক্রয় অব্যাহত আছে। এ পর্যন্ত ওএমএস খাতে আটা বিক্রয়ের জন্য ময়দাকলে ২ লাখ ৬৮ হাজার মেট্রিক টন গমের আনুপাতিক পরিমাণ ২ লাখ ০৬ হাজার মেট্রিক টন ফলিত আটা বিক্রয় করা হয়েছে। ওএমএস কার্যক্রমের উপর যথাযথ নজরদারি নিশ্চিত করার জন্য সভায় পরামর্শ দেয়া হয়। | যথাযথ নজরদারি রেখে ওএমএস খাতে চাল ও আটা বিক্রয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক পরিচালক (সববি), খাদ্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | **(গ) চাল ও আটার বাজারমূল্য মনিটরিং**<br><br>সভাকে অবহিত করা হয় যে, খাদ্য পরিকল্পণা ও পরিধারণ ইউনিটের মাধ্যমে সারাদেশের চাল ও আটার বাজার দর মনিটরিং অব্যাহত আছে। প্রাপ্ত বাজার দর হতে দেখা যায় যে, ঢাকা মহানগরের পাইকারি দরে প্রতিকেজি চাল ৪৪-৫০ টাকা এবং খুচরা প্রতিকেজি ৪৪-৪৫ টাকা। খোলা আটার গড় বাজার দর প্রতিকেজি ২৪-২৫ টাকা। সভায় জানানো হয় যে, সারাদেশের বিভাগীয়/ জেলা ও উপজেলার বাজার দর খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায় থেকে নিয়মিত মনিটরিং করা হয়। মনিটরিং এর আওতাধীন এ বাজার দরও সভায় উপস্থাপনের জন্য সচিব নির্দেশ প্রদান করেন। বাজার দর নিয়মিত পর্যবেক্ষণ ও মনিটরিং অব্যাহত রাখার জন্য সভায় নির্দেশ দেয়া হয়। | (১) বাজারদর নিয়মিত পর্যবেক্ষণপূর্বক মনিটরিং অব্যহত রাখতে হবে।<br><br>(২) খাদ্য অধিদপ্তর কর্তৃক মনিটরিং এ প্রাপ্ত বাজার দর সভায় উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট |
| ৪.রাজস্ব বাজেটের আওতায় সংস্কার/ মেরামত, ওঅন্যান্য নির্মাণ | **গুদাম মেরামত**<br>পরিচালক (আইডিটিএস) সভায় জানান যে, রাজস্ব বাজেটে মেরামত/ সংস্কার এর আওতাধীন ৬২টি কাজের মধ্যে ৫৬টি সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৬টি কাজের সার্বিক অগ্রগতি ৮৩%। এ সকল কাজের আওতাধীন ১২২টি গুদামের মধ্যে ১১১টি গুদামের মেরামত/ সংস্কার সমাপ্ত হয়েছে এবং এ সকল গুদামের ধারণক্ষমতা ৭২ হাজার ২৫০ মেট্রিক টন। অবশিষ্ট ১১টি গুদামের কাজ দ্রুত শেষে করার জন্য সভায় নির্দেশ দেয়া হয়। | মেরামতের আওতাধীন অবশিষ্ট গুদামসমূহের নির্মাণ কাজসমূহ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর |

<table>
<tr>
<td></td>
<td>

**অন্যান্য নতুন নির্মাণ**

(ক) ২০১৬-২০১৭ অর্থ বছরের (২০১৪-২০১৫ সালের সংশোধিত) নির্মাণ কাজের ১৫টির মধ্যে ১৪টি সমাপ্ত হয়েছে। সোনাইমুড়ী এলএসডি'র সীমানা প্রাচীর নির্মাণ কাজটি ৭০% সমাপ্ত হয়েছে। নির্মাণ কাজটি দ্রুত সমাপ্তকরণের উদ্যোগ অব্যাহত আছে মর্মে সভায় জানানো হয়।

(খ) ২০১৬-২০১৭ অর্থ বছরের (২০১৫-২০১৬ সালের সংশোধিত) নির্মাণ কাজ মোট ১৪টির মধ্যে ৯টি কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। অবশিষ্ট ৫টি কাজ নিম্নরূপঃ

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কাজের নাম</th><th>কার্যাদেশ নং ও তারিখ</th><th>৩০.০৪.২০১৭ তারিখ পর্যন্ত অগ্রগতি</th></tr>
<tr><td>১.</td><td>মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর এলএসডি'র সীমানা প্রাচীর রিটেইনিং ওয়াল ও আরসিসি রাস্তা নির্মাণ কাজ (লট-০২)</td><td>৩০.০৩.২০১৬<br>৪১৭</td><td>৬৯</td></tr>
<tr><td>২.</td><td>নোয়াখালী জেলার সোনাইমুড়ী এলএসডি'র স্রাব বিম, কলাম (এফ,এস-৩,৪ ও ৫) এবং সীমানা প্রাচীর নির্মাণ কাজ (লট-০৫)</td><td>৩০.০৩.২০১৬<br>২৫২</td><td>৪৫</td></tr>
<tr><td>৩.</td><td>খাগড়াছড়ি জেলার ছোট মুড়ং এলএসডি'র রিটেইনিং ওয়াল ও সীমানা প্রাচীর নির্মাণ কাজ (লট-০৬)</td><td>৩০.০৩.২০১৬<br>৪১৯</td><td>৯০</td></tr>
<tr><td>৪.</td><td>সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর (নতুন ক্যাম্পাস) খাদ্য গুদাম কেন্দ্রের সীমানা প্রাচীর এর নির্মাণ কাজ (লট-০৭)</td><td>২৪.০২.২০১৬<br>২৫৩</td><td>৭৫</td></tr>
<tr><td>৫.</td><td>সুনামগঞ্জ জেলার জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সুনামগঞ্জ এর ২য় তলা বিশিষ্ট (ভিত্তি ৪ তলা) অফিস বিল্ডিং নির্মাণ কাজ (লট-১২)</td><td>৩০.০৩.২০১৬<br>৪২৩</td><td>৯০</td></tr>
<tr><td></td><td colspan="3">৫টি কাজের সার্বিক অগ্রগতি-৭৪%।</td></tr>
</table>

</td>
<td>(১) সোনাইমুড়ী এলএসডি'র সীমানা প্রাচীর নির্মাণ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>(২) অবশিষ্ট ৫টি নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।</td>
<td>মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>৫. আইন ভাষান্তর</td>
<td>খাদ্য অধিদপ্তরের আইন ভাষান্তর করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বিদ্যমান ২টি আইন Out-Sourcing এর মাধ্যমে দ্রুত ভাষান্তর সম্পন্ন করার সিদ্ধান্ত উল্লেখ করে পরিচালক (প্রশাসন) খাদ্য অধিদপ্তর সভায় অবহিত করেন যে, আগামী ০৭ (সাত) দিনের মধ্যে খসড়া ভাষান্তরের কপি প্রেরণ করা হবে।</td>
<td>আগামী ০৭ (সাত) দিনের মধ্যে খাদ্য অধিদপ্তরের ২টি আইন ভাষান্তরিত খসড়া প্রেরণ করতে হবে।</td>
<td>মহাপরিচালক<br>পরিচালক (প্রশা)<br>খাদ্য অধিদপ্তর</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৬. মামলা সম্পর্কিত | (ক) সভায় জানানো হয় যে, মামলার তথ্য জেলা অফিস গুলোতে সফট ওয়ারে নিয়মিতভাবে এন্ট্রি করার জন্য খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ০৯.০৩.২০১৭ খ্রিঃ তারিখের ৪২৮ নং পত্রে নির্দেশনা দেয়া সত্বেও মাত্র ৩৩টি জেলায় মামলার হালনাগাদ তথ্য সফট ওয়্যারে আপলোড করা হয়েছে। ৩১টি জেলা ও ২টি চলাচল সংরক্ষণ নিয়ন্ত্রক দপ্তরে মামলার তথ্য হালনাগাদ করা হয়নি। মামলার তথ্য হালনাগাদকরণ না হওয়ার জন্য সচিব অসন্তোষ প্রকাশ করেন। ব্যর্থ জেলা/ দপ্তরসমূহের তালিকা অনুযায়ী সভায় উপস্থাপনের জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | মামলার তালিকা হালনাগাদকরণে ব্যর্থ জেলা/ দপ্তরসমূহের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে। | আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর |
| | (খ) সিলেটের আম্বরখানা মৌজায় খাদ্য বিভাগের নামীয় ৪৬ শতাংশ জমি অবৈধভাবে দখল প্রচেষ্টাকারীদের থেকে রক্ষা এবং বরিশাল শহরের আলেকান্দা মৌজার ১০ (দশ) শতাংশ জমির মামলার বিষয়ে ভিন্ন একটি বিশেষ সভা অনুষ্ঠিত হবে মর্মে সভায় জানানো হয়। | হালনাগাদ তথ্যের ভিত্তিতে মামলার বিষয়ে ভিন্ন একটি সভা করতে হবে। | মহাপরিচালক ও আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর |
| | **<u>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ</u>** | | |
| ১. বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম | সভায় জানানো হয় যে, নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার কার্যক্রম আরও বৃদ্ধি করা হয়েছে। পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে জনসচেতনতামূলক সভা অনুষ্ঠানের জন্য সকল জেলা প্রশাসককে ডিও পত্র দেয়া হয়েছে। নিরাপদ খাদ্য আইনের ব্যাখ্যা, শাস্তির পরিধি অবহিত করার জন্য বলা হয়েছে। ভেজালরোধে পরিস্কার-পরিচ্ছন্নতার গুরুত্ব আলচনায় অন্তর্ভুক্ত করার জন্য বলা হয়েছে। আগামি ১৬.০৪.২০১৭ খ্রি তারিখে ঢাকা মহানগরে রমজান উপলক্ষ্যে সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। আইএসএফবি কর্তৃক প্রস্তুতকৃত কার্টুন সম্বলিত একটি টিভিস্পট বিভিন্ন টেলিভিশন চ্যানেলে প্রচার হচ্ছে। একটি মোবাইল এ্যাপস ও একটি বুকলেট তৈরির কাজ হাতে নেয়া হয়েছে। | নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ২. জনবল কাঠামো চূড়ান্তকরণ | সভায় আলোচনা হয় যে, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ হতে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সৃজিত ৩৬৫টি পদ এর স্কেল ভেটিং করা হয়েছে। সচিব সভায় উপস্থাপনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ থেকে পাওয়া গেছে। মাননীয় মন্ত্রীর স্বাক্ষরিত সার-সংক্ষেপসহ সহসা সচিব সভায় উপস্থাপনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে মর্মে উপ-সচিব (প্রশাঃ-২) সভায় জানানো হয়। এছাড়া, আগামী সভার পূর্বে সার-সংক্ষেপসহ কাগজপত্র প্রেরণের জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | আগামী সভার পূর্বে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জনবল চূড়ান্তকরণে সার-সংক্ষেপসহ প্রয়োজনীয় কাগজপত্র মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ৩. পেন্ডিং বিষয় | (ক) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের দপ্তর থেকে সভার কার্যপত্র হিসেবে কোন পেন্ডিং তালিকা প্রেরণ করা হয়নি। তিনি নিম্নের বিষয়াবলী পেন্ডিং হিসেবে সভায় উপস্থাপনের অনুমতি চান। সভাপতি পেন্ডিং বিষয় উপস্থাপনের অনুমতি প্রদান করেন। তবে, ভবিষ্যতে সংস্থা প্রধানগণ পেন্ডিং তালিকা প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে যুগ্ম-সচিব (প্রশাসন) বরাবরে পাঠিয়ে সংশ্লিষ্ট শাখায় অনুলিপি প্রদান করবেন। | (১) সংস্থা প্রধানগণ পেন্ডিং তালিকা প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে যুগ্ম-সচিব (প্রশাসন) বরাবরে পাঠিয়ে সংশ্লিষ্ট শাখায় অনুলিপি প্রদান করতে হবে। | (১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর<br><br>(২) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| | **(খ) নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি গঠন**<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান সভায় জানান যে, নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে বিভাগীয়, জেলা এবং উপজেলা পর্যায়ে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির গঠন কাঠামো (কর্মপরিধিসহ) গত ২১ মার্চ ২০১৭ তারিখে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উপ-সচিব (প্রশাঃ-২) সভায় জানান যে, বিভাগীয়, জেলা এবং উপজেলা কমিটিতে সভাপতি হিসেবে যথাক্রমে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে দায়িত্ব প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদন গ্রহণের প্রয়োজন আছে। প্রস্তাবিত বিষয়টি প্রক্রিয়াধীন আছে। কমিটি গঠণের প্রস্তাব যাচাই-বাছাই পূর্বক আগামী সভার পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | (২) বিভাগীয়, জেলা এবং উপজেলা পর্যায়ে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির গঠন কাঠামো যাচাই-বাছাই পূর্বক আগামী সভার পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয় |
| | **(গ) ল্যাবরেটরির প্যারামিটার ডেজিগনেটকরণ**<br>চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ সভায় জানান যে, গত ১৭ এপ্রিল ২০১৭ তারিখে ৭টি ল্যাবরেটরির প্যারামিটারগুলো ডেজিগনেট করার জন্য খাদ্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। উপসচিব (প্রশা-২) সভায় জানান যে, সংশ্লিষ্ট প্রস্তাব অনুমোদনের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। প্রস্তাব যাচাই-বাছাই পুর্বক বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ল্যাবরেটরি প্যারামিটার ডেজিগনেট করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | (৩) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ল্যাবরেটরি প্যারামিটার ডেজিগনেটকরণের প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক দ্রুত উপস্থাপন করতে হবে। | উপ-সচিব (প্রশা-২), খাদ্য মন্ত্রণালয় |
| | **(ঘ) জাতীয় নিরাপদ খাদ্য দিবস" ঘোষণাকরণঃ**<br>চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ সভায় জানান যে, ২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গঠিত হওয়ায় ঐ তারিখকে বিবেচনায় নিয়ে ২ ফেব্রুয়ারিকে "জাতীয় নিরাপদ খাদ্য দিবস" ঘোষণা করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য খাদ্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। কিন্তু এখনও বিষয়টি পেন্ডিং আছে। উপসচিব (প্রশা-২) সভায় জানান যে, জাতীয় নিরাপদ খাদ্য দিবস ঘোষনার সম্মতি/অনাপত্তি জনাপনের জন্য অর্থ মন্ত্রণালয় কে অনুরোধ করা হয়েছে। এযাবৎ তিনটি তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। পত্রের একটি ফটোকপি চেয়ারম্যান মহোদয়কে দেয়া হয়েছে। অর্থ মন্ত্রণালয় হতে এখনও সম্মতি/অনাপত্তি পাওয়া যায়নি। বাংলাদেশ নিরাপদ খাদ্য দিবস ঘোষনার জন্য অর্থ মন্ত্রণালয়ের সম্মতি প্রাপ্তির যোগাযোগ করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | বাংলাদেশ নিরাপদ খাদ্য দিবস ঘোষনার জন্য অর্থ মন্ত্রণালয়ের সম্মতি প্রাপ্তির জন্য যোগাযোগ করতে হবে। | (১) ) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ<br><br>(২) উপ-সচিব (প্রশা-২), খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| | **(ঙ) টিভি ফিলার/স্পটের স্ক্রিপ্টের ডামি চিত্র অনুমোদনঃ**<br><br>চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ সভায় জানান যে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃক্ষের জন্য চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক ৪টি টিভি ফিলার/স্পট নির্মাণের জন্য প্রায় দেড় বছর পূর্বে কার্যক্রম গ্রহণ করা হয় এবং গত অর্থ বছরে উক্ত প্রতিষ্ঠানকে নির্মাণ ব্যয় বাবদ ১১,০০,০০০/- টাকা প্রদান করা হয়। প্রতিষ্ঠানটি কর্তৃক টিভি ফিলার/স্পটের স্ক্রিপ্ট প্রণয়নসহ ডামি চিত্র কয়েকবার খাদ্য মন্ত্রণালয়ে মাননীয় খাদ্য মন্ত্রীর উপস্থিতিতে উপস্থাপন করা হয়েছে। বিষয়টি যাচাই-বাছাই করে টিভি ফিলার/স্পটের স্ক্রিপ্ট চিত্র অনুমোদনের জন্য উপস্থাপন করতে সচিব নির্দেশ প্রদান করেন। | টিভি ফিলার/স্পটের স্ক্রিপ্ট চিত্র অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এবং উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয় |
| বিবিধ | সভায় আলোচনা হয় যে, ২০১৫ সালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গঠিত হলেও এর সম্ভাব্য ব্যাপক কার্যক্রম সম্পন্নকরণে নতুন কোন উইং/ অধিশাখা/ শাখা সৃজন করা হয়নি। সংস্থা প্রশাসন তথা প্রশাসন-২ অধিশাখার মাধ্যমে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। খাদ্য অধিদপ্তরের জন্য বিপুল কার্যাদির পাশাপাশি বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম অন্তর্ভূক্ত হওয়ায় প্রশাসন-২ অধিশাখার মাধ্যমে সকল কার্যক্রম সম্পন্নকরণ বিঘ্নিত হচ্ছে। এছাড়া, জনবল কাঠামো চূড়ান্তকরণের বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ পরিপূর্ণভাবে কার্যক্রম শুরু হলে মন্ত্রণালয়ে কাজের পরিধি বিস্তৃত হবে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ভবিষ্যতের কার্যক্রম বিবেচনা করে মন্ত্রণালয়ে একটি নতুন শাখা খোলা প্রয়োজন মর্মে সকলে একমত পোষণ করেন। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যসম্পাদনের জন্য একটি নতুন শাখা খোলার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কায়কোবাদ হোসেন)
ভারপ্রাপ্ত সচিব